বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা
Bangladesh Madrasah Education Board, Dhaka.

নং বামাশিবো/সংস্থা/ ২৯৬ তারিখঃ ১৮/০৫/২০১৭।

**আগামী ০১/৬/২০১৭ তারিখ থেকে দেশের সকল মাদরাসার সব ধরনের কমিটি সংক্রান্ত আবেদন এবং মাদরাসার একাডেমিক স্বীকৃতি নবায়নের আবেদন গ্রহণ ও অনুমতি/অনুমোদন প্রদান কার্যক্রম শুধুমাত্র অনলাইন পদ্ধতিতে সম্পন্নকরণ সম্পর্কিত**

# জরুরি বিজ্ঞপ্তি

এতদ্বারা বোর্ডের অধিভুক্ত সকল মাদরাসা প্রধানসহ সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, উদ্ভাবনীমুলক কর্মকান্ডের মাধ্যমে নাগরিক সেবা অধিকতর সহজীকরণের লক্ষ্যে অনলাইন পদ্ধতিতে বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ডের অধিভুক্ত দাখিল ও আলিম স্তরের মাদরাসা ব্যবস্থাপনা কমিটির অনুমোদন সংক্রান্ত কার্যক্রমের পাইলটিং সফল ভাবে সম্পন্ন হওয়ায় আগামী ০১/০৬/২০১৭ তারিখ থেকে দেশব্যাপী বোর্ডের অধিভুক্ত মাদরাসার সকল ধরনের কমিটি সংক্রান্ত কার্যক্রম এবং একাডেমিক স্বীকৃতি নবায়ন সংক্রান্ত কার্যক্রম নিম্নরূপভাবে অনলাইনের মাধ্যমে সম্পন্ন করণের সিদ্ধান্তগ্রহণ করা হয়েছেঃ-

১. যে কোন ধরণের কমিটির আবেদন/অনুমোদন অথবা একাডেমিক স্বীকৃতি নবায়নের আবেদন করার জন্য বোর্ডের ওয়েব সাইটে (www.bmeb.gov.bd ) **"ই-ফাইলিং"** লেখা মেনুতে ক্লিক করে e-Office Management System স্ক্রীনে প্রবেশ করতে হবে।

২. e-Office Management System স্ক্রীনে আবেদনের বিষয় লেখা বাটনের পাশে ড্রপ ডাউন লিস্ট থেকে আবেদনের বিষয় নির্বাচন করতে হবে।

৩. আবেদনের বিষয় নির্বাচন করার সংগে সংগে ঐ আবেদনের সাথে কি কি ডকুমেন্ট বা কাগজপত্র সংযোগ করতে হবে তার নির্দেশনাসহ ১টি তালিকা পাওয়া যাবে। নির্দেশনাবলী সম্বলিত ডকুমেন্টের তালিকাটি ওয়েব সাইট থেকে প্রিন্ট করে নেয়া যাবে।

৪. বর্ণিত নির্দেশনাবলী মোতাবেক যে ধরণের কমিটির জন্য যে সকল কাগজপত্র আবেদনের সাথে সংযুক্ত করতে হবে ঐ সকল কাগজপত্র বা রেকর্ডপত্র প্রথমে স্ক্যান করে পিডিএফ ফরমেটে সেভ করে সফটকপি পেন ড্রাইভ বা সিডিতে কপি করে নিতে হবে। অত:পর আবেদন করার সময় তালিকার পাশে ব্রাউজ বাটনে ক্লিক করে ধারাবাহিকভাবে সকল ডকুমেন্ট সংযোগ করতে হবে।

৫. পাসওয়ার্ডঃ অনলাইন রেজিস্ট্রেশন এবং অনলাইন ফরম পূরণের জন্য বোর্ড থেকে ইতোপূর্বে যে পাসওয়ার্ড সরবরাহ করা হয়েছে ঐ পাসওয়ার্ড ব্যবহার করেই অনলাইনে কমিটি অনুমোদনের আবেদন করা যাবে।

৬. মোবাইল নম্বরঃ ই-সার্ভিস কার্যক্রমের আওতায় ইতোপূর্বে প্রতিটি মাদরাসা থেকে ২টি দাপ্তরিক মোবাইল নম্বর এবং ওয়েব পোর্টাল ফি গ্রহণ করা হয়েছে। অনলাইনে কমিটি অনুমোদনের আবেদনের ক্ষেত্রে উক্ত ২টি মোবাইল নম্বরের যে কোন ১টি (মাদরাসা প্রধানের) ব্যবহার করতে হবে।

৭. সকল ডকুমেন্ট সফল ভাবে সংযুক্ত করা হলে আবেদন সাবমিট করার পূর্বে সংযুক্ত কাগজপত্রের লিস্ট দেখা যাবে এবং প্রিন্ট করে নেয়া যাবে।সঠিকভাবে কাগজপত্র সংযুক্ত করে সাবমিট বাটনে ক্লিক করার পর আবেদন সফলভাবে সাবমিট হয়েছে মর্মে বার্তা দেখা যাবে এবং প্রদত্ত মোবাইল নম্বরে ইউজার আইডি ও পাসওয়ার্ড সম্বলিত এস.এম.এস. পাওয়া যাবে। উক্ত ইউজার আইডি এবং পাসওয়ার্ড ব্যবহার করে পরবর্তীতে ওয়েব সাইটে আবেদনের সর্বশেষ অবস্থা জানা যাবে। তবে প্রতিটি আবেদনের জন্য ভিন্ন ভিন্ন ইউজার আইডি এবং পাসওয়ার্ড প্রদান করা হবে। অর্থ্যাৎ ১টি আবেদনের ইউজার আইডি বা পাসওয়ার্ড অন্য আবেদনের ক্ষেত্রে ব্যবহারযোগ্য হবে না।

৮. আবেদন সাবমিট করার পর স্ক্রীনের উপরে প্রিন্ট টিটি স্লিপ লেখা বাটনে ক্লিক করলে সাবমিটকৃত কমিটির অনুমোদন ফি এর টিটি স্লিপ প্রিন্ট করে নিকটস্থ সোনালী ব্যাংকের যে কোন শাখায় গিয়ে টাকা জমা দিতে হবে। এভাবে যে কোন মাদরাসা থেকে কমিটি অনুমোদনের জন্য জমাকৃত টাকা বোর্ডের সংশ্লিষ্ট হিসাব নম্বরে জমা হওয়ার পর কমিটি অনুমোদনের কার্যক্রম শুরু করা হবে। তবে টিটি স্লিপ প্রিন্ট করার পরবর্তী ৫ (পাঁচ) কর্মদিবসের মধ্যে টাকা ব্যাংকে জমা না হলে ঐ আবেদন বাতিল বলে গন্য হবে।

৯. কমিটি অনুমোদিত হলে সংশ্লিষ্ট আবেদনকারীর প্রদত্ত মোবাইল নম্বরে এস.এম.এস. প্রদান করে বোর্ডের ওয়েব সাইট থেকে অনুমোদনপত্র সংগ্রহ করার জন্য অনুরোধ করা হবে। তবে কোন অভিযোগ বা আইনগত জটিলতার কারণে আবেদন নিষ্পত্তিতে বিলম্ব হলে আবেদনকারীর মোবাইল নম্বরে প্রদত্ত ইউজার আইডি এবং পাসওয়ার্ড দিয়ে লগ ইন করে আবেদনের সর্বশেষ অগ্রগতি ও অবস্থা জানা যাবে।

১০. কোন মাদরাসার কমিটি বা একাডেমিক স্বীকৃতি নবায়নের বিষয়ে কোন অভিযোগ বা আপত্তি থাকলে ঐ বিষয়েও যথাযথ প্রমাণক, অভিযোগ ফি এবং অভিযোগকারীর মোবাইল নম্বরসহ অনলাইনেই অভিযোগ দাখিল করতে হবে। অর্থাৎ ৩১/০৫/২০১৭ তারিখের পর থেকে কমিটি অনুমতি/অনুমোদন সংক্রান্ত কোন কাজের আবেদন বা অভিযোগ এবং একাডেমিক স্বীকৃতি নবায়ন সংক্রান্ত বিষয়ের কোন আবেদন বা অভিযোগ সরাসরি বোর্ডে গ্রহণ করা হবে না।

**অত্যন্ত জনগুরুত্বপূর্ণ এবং নাগরিক সেবায় উদ্ভাবণীমূলক এই কর্মকান্ড সফলভাবে পরিচালনার ক্ষেত্রে সকল জেলা প্রশাসক, উপজেলা নির্বাহী কর্মকর্তা এবং স্থানীয় শিক্ষা প্রশাসনের সকল স্তরের কর্মকর্তাসহ অত্র বোর্ডের সংশ্লিষ্ট সকলের সার্বিক সহযোগিতা একান্তভাবে কামনা করা যাচ্ছে।**

**অনলাইনে আবেদনের ক্ষেত্রে যে কোন বিষয়ে পরামর্শ নেয়ার জন্য অফিস সময়ের মধ্যে নিম্নোক্ত মোবাইল নম্বরে যোগাযোগ করা যাবেঃ**

**০১৭৮৭-৮০১৮৬৬, ০১৭৮৭-৮০১৮৬৯, ০১৭৮৭-৮০১৮৭০**

১৮/৫/১৭
(প্রফেসর মোঃ মজিবুর রহমান)
রেজিস্ট্রার
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
ফোনঃ ৯৬১২৮৩৮, ৯৬৭৪৮৭৪।

১৮/৫/১৭

অধ্যক্ষ/সুপারিনটেনডেন্ট (সকল মাদরাসা)

সদয় অবগতি কার্যার্থে অনুলিপি বিতরণঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর, রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার, ৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০।
২। মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব (যুগ্ম সচিব) শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
৩। জেলা প্রশাসক (সকল)।
৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদরাসা বিভাগ, পরিবহন পুল ভবন, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৫। উপজেলা নির্বাহী অফিসার (সকল)।
৬। বোর্ডের সংশ্লিস্ট সকল কর্মকর্তা/কর্মচারী।
৭। অফিস নথি।